

website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা ।

বিআরপিডি সার্কুলার লেটার নং - ২২

ডিসেম্বর ১৯, ২০১৩

তারিখ :-----

পৌষ ০৫, ১৪২০

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক ।

প্রিয় মহোদয়,

আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ৫২ ধারায় অন্তর্ভুক্ত স্থানীয়  
খণ্ডপত্র (Local L/C) এর বিষয়ে স্পষ্টীকরণ প্রসংগে ।

শিরোনামোক্ত বিষয়ে জুলাই ১৯, ২০১২ তারিখের বিআরপিডি সার্কুলার লেটার নং-০৬ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা  
যাচ্ছে । এতদ্সংক্রান্ত জাতীয় রাজস্ব বোর্ড এর নতুন নং ০৭, ২০১৩ তারিখের পত্র নং ০৮.০১.০০০০.০০১.০৩.০০৮.২০১৩/১০৯  
আপনাদের অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের নিমিত্তে অপর পৃষ্ঠায় ভুবন পুনঃমুদ্রিত হলো ।

০২। বর্ণিত নির্দেশনা আপনাদের সকল শাখাকে অবিলম্বে অনুসরণ এবং তার পরিপালন নিশ্চিত করার জন্য আপনাদেরকে  
অনুরোধ করা যাচ্ছে ।

অনুগ্রহপূর্বক ধ্রাপ্তি স্বীকার করবেন ।

আপনাদের বিশ্বাস্ত,



(মোঃ আনোয়ারুল ইসলাম)

উপ-মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০০৯৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
রাজস্ব ভবন  
সেগুন বাগিচা, ঢাকা ।

নথি নং-০৮.০১.০০০০.০৩১.০৩.০০৮.২০১৩/১০৯

তারিখ: ০৭/১১/২০১৩

বিষয়: আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ৫২ ধারায় অনুযায়ী  
খণ্ডপত্র (Local L/C) এর বিষয়ে স্পষ্টীকরণ প্রসংগে ।

আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ৫২ এবং আয়কর বিধিমালা ১৯৮৪ এর বিধি-১৬ অনুযায়ী Local L/C এর মাধ্যমে  
প্রদেয়/পরিশোধযোগ্য অর্থ হতে বেনিফিসিয়ারী বা অর্থগ্রহীতার অধিম আয়কর হিসেবে উৎসে কর কর্তন করা বাধ্যতামূলক । অর্থ আইন,  
২০১২ এর মাধ্যমে এ বিধানটি প্রবর্তিত হয়েছে । কোন্ কোন্ উৎসে কর কর্তনকারী কর্তৃপক্ষ কর্তৃক এ খাতে উৎসে কর কর্তন করা হবে  
তা জাতীয় রাজস্ব বোর্ডের পরিপত্র-১(আয়কর)/২০১২, তারিখ: ১২/০৮/২০১২ ইং এর ১০নং অনুচ্ছেদে বিস্তারিত বর্ণনা করা হয়েছে ।  
আইনের মর্মাঞ্চল সম্যক বিবেচনায় এনেই বিভিন্ন উৎসে কর কর্তনকারী কর্তৃপক্ষ তাদের আইনগত দায়িত্ব পরিপালন করবেন- এটিই  
কাম্য । কিন্তু উৎসে কর কর্তনকারী কর্তৃপক্ষ হিসেবে কোন কোন ব্যাংক উক্ত আইনের যথাযথ প্রয়োগ না করে Local L/C'র  
কার্যক্রমকে ভিয় ভিয় নামে যেমন Invoice Financing, Supplier Financing ইত্যাদি নামে নামকরণ করতঃ উৎসে কর কর্তন  
থেকে বিরত থাকছে বলে জানা যায় ।

এমতাবস্থায়, যে নামেই অভিহিত করা হউক না কেন, যে ক্ষেত্রে একটি লেনদেন প্রকৃতিগতভাবে Local L/C'র অনুরূপ সে  
ক্ষেত্রে আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ৫২ ধারা এবং বিধি-১৬ অনুযায়ী যথাযথভাবে উৎসে কর কর্তনের প্রতি সজাগ দৃষ্টি রাখার জন্য  
সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে ।

স্বাক্ষরিত

(মোঃ আবদুর রহমান খান এফসিএমএ)  
প্রথম সচিব (কর নীতি)  
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা ।